

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১

নং - ০৭.১১১.০২০.০০.০০৯.২০১০/১৯৩

তারিখ : ১৩/০৪/২০১০

পরিপত্র

বিষয় : উন্নয়ন প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের ক্ষমতা প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসমূহকে অর্পন।


২০০৯-১০ অর্থবছরের সংশোধিত বাজেটের ব্যয়ের কর্তৃত্ব প্রদান আদেশ (Revised Authority) জারী করার প্রেক্ষিতে চলতি অর্থবছরে সংশোধিত উন্নয়ন বাজেটভুক্ত প্রকল্পসমূহের ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের ক্ষেত্রে, বিদ্যমান অর্থ ছাড়ের নির্দেশিকায় যাই থাকুক না কেন, সরকার নিম্নরূপ পদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে :

- (ক) ২০০৯-১০ অর্থবছরের সংশোধিত বরাদ্দ অনুযায়ী সচিবালয়, অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন অননুমোদিত সকল প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ছাড় করবে, তবে শর্ত থাকবে যে :
  - (১) ৮/০৪/২০১০ তারিখে জারিকৃত Revised Authority 'তে মূলধন ও রাজস্ব ব্যয় বাবদ প্রকল্পওয়ারী প্রদত্ত বরাদ্দ অনুযায়ী সংশোধিত বিভাজন আদেশ জারী করতে হবে;
  - (২) ইতোপূর্বে ছাড়কৃত অর্থ সংশোধিত বরাদ্দের সাথে সমন্বয়পূর্বক অবশিষ্ট অর্থ ৪র্থ কিস্তিতে এক সাথে ছাড় করা যাবে।
- (খ) অননুমোদিত প্রকল্পের (সংশোধিত অননুমোদিত সহ) অর্থ ছাড়ের ক্ষেত্রে বিদ্যমান পদ্ধতি (পরিকল্পনা কমিশন ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণ) বহাল থাকবে;
- (গ) স্বায়ত্বশাসিত/সংবিধিবদ্ধ সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, এবং সরকারি মালিকানাধীন কোম্পানিসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের ৩য়/৪র্থ কিস্তির অর্থ ছাড়ের বিদ্যমান পদ্ধতি বহাল থাকবে।
- (ঘ) পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের (সরকারের মাধ্যমে) অংশের ৩য়/৪র্থ কিস্তির অর্থ ছাড়ের ক্ষেত্রে বিদ্যমান নির্দেশনা অনুযায়ী অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে।
- (ঙ) উন্নয়ন বাজেটে থোক বাবদ রক্ষিত সকল প্রকার বরাদ্দ ছাড়ের ক্ষেত্রে বিদ্যমান নির্দেশনা অনুযায়ী অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে।
- (চ) শুল্ক ও মূল্য সংযোজন করার (CD/VAT) জন্য নির্ধারিত বরাদ্দ থেকে প্রয়োজনীয় অর্থ (এপ্রিল-জুন সময়ে) প্রয়োজনের ভিত্তিতে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ছাড় করবে।

২। পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্য (সরকারের মাধ্যমে), অননুমোদিত ও স্বায়ত্বশাসিত/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ এবং থোক বরাদ্দের ৩য়/৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব আগামী ২৬ মে ২০১০ তারিখের মধ্যে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৩। উপরের নির্দেশনা অনুযায়ী সকল মন্ত্রণালয়/বিভাগকে দ্রুত উন্নয়ন প্রকল্পের অর্থ ছাড় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। উন্নয়ন বাজেটভুক্ত প্রকল্পসমূহের ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত উপরোক্ত প্রশাসনিক ক্ষমতা কেবলমাত্র ২০০৯-১০ অর্থবছরের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

  
১৩.৪.১০  
(রুবিনা আমিন)  
উপ-সচিব (বাজেট-৪)

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। সদস্য..... বিভাগ, (সকল), পরিকল্পনা কমিশন।
- ৪। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা, বাংলাদেশ।
- ৫। ..... (সকল কর্মকর্তা), অর্থ বিভাগ।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ..... মন্ত্রণালয়/বিভাগ।